

জেলা

জামালপুরে মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তি নিয়ে গ্রামের দুই পক্ষের সংঘর্ষ, আহত ২০

প্রতিনিধি জামালপুর

প্রকাশ: ১১ মে ২০২৫, ১৯: ২৮



জামালপুরে মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তি নিয়ে দুই পক্ষ গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ। রোববার দুপুরে ইসলামপুর উপজেলার গাইবান্ধা ইউনিয়নের কড়ইতলা এলাকায় ছবি: সংগৃহীত

জামালপুরের ইসলামপুরে গ্রামবাসীর দুটি পক্ষের মধ্যে সংঘর্ষে অন্তত ২০ জন আহত হয়েছেন। আজ রোববার বিকেলে স্থানীয় দুটি মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তি নিয়ে দুই মাদ্রাসার মালিকের মধ্যে হাতাহাতির ঘটনার জের ধরে ওই সংঘর্ষের ঘটনা ঘটে।

আহত লোকজনের মধ্যে ১৫ জনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বাকিরা স্থানীয় হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ঘটনাস্থলে এখনো পুলিশ অবস্থান করছে। দুপুর থেকে দেশীয় অস্ত্র নিয়ে উভয় পক্ষের দুই শতাধিক মানুষ দফায় দফায় সংঘর্ষে জড়ান।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত শনিবার রাতে উপজেলার গাইবান্ধা ইউনিয়নের কড়ইতলা এলাকায় রাবেয়া বসরী মহিলা মাদ্রাসা ও একই এলাকায় জামিয়া সুলতানিয়া রওজাতুল কোরআন মহিলা মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তি করাকে কেন্দ্র করে মাদ্রাসা দুটির মালিক মফিজুর রহমান ও ওবায়দুল হকের মধ্যে হাতাহাতি হয়। ওই ঘটনার জের ধরে আজ দুপুরে গ্রামের দুটি পক্ষ দেশীয় অস্ত্র ও লাঠি নিয়ে দফায় দফায় সংঘর্ষে জড়ায়। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় উভয় পক্ষের প্রায় ২০ জন আহত হন।

ইসলামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল্লাহ সাইফ বলেন, দুই মাদ্রাসার মালিকের মধ্যে প্রথমে হাতাহাতির ঘটনা ঘটে। ওই ঘটনার জের ধরে দুজনের পক্ষ নিয়ে গ্রামবাসী সংঘর্ষে জড়িয়ে পড়েন। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়। এ ঘটনায় কোনো পক্ষই অভিযোগ দেয়নি। অভিযোগ পাওয়ার পর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

